

নিরীক্ষা প্রত্যয়নপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ এবং ১৯৭৪ সালের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইনের ৫ ও ৬ ধারা অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর, গৃহসংস্থান অধিদপ্তর, আবাসন পরিদপ্তর, হাউজিং এস্টেট এর ২০০০-২০০১ এবং তৎপূর্ববর্তী সালসমূহের হিসাব পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক পরীক্ষা করা হইয়াছে। এতদ্ব্যতীত উক্ত প্রতিষ্ঠানসমূহের স্থানীয় নিরীক্ষা সংক্রান্ত পরিদর্শনের বর্তমান অবস্থা এবং গুরুতর আর্থিক অনিয়ম, ক্ষয়ক্ষতি প্রভৃতি এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হইয়াছে। সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর উক্ত হিসাব সম্বন্ধীয় সকল তথ্যাদি এবং ব্যাখ্যা যথাসম্ভব সংগ্রহ করিয়াছে এবং আমার জ্ঞান ও বিশ্বাস মতে আমি প্রত্যয়ন করিতেছি যে, নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত তথ্যাদি নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ।

ঢাকা
তারিখ :

সৈয়দ ইউসুফ হোসেন
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
বাংলাদেশ।